

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

পরিপত্র

নং- ১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৪-৩১৫৬

তারিখ : ০৬.১১.২০১৬

বিষয় : সততা ও ভালো কাজের জন্য কর্মকর্তা ও কর্মচারীদের পুরস্কার/প্রণোদনা প্রদান সংক্রান্ত গাইড লাইন।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মসূচির আওতায় প্রশাসনে গতিশীলতা আনা এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের অধীন তথ্য অধিদফতরের সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের সততা ও ভালো কাজের জন্য পুরস্কার/প্রণোদনা সংক্রান্ত গাইড লাইন প্রদানে নিম্নোক্ত প্রস্তাবগুলো গৃহীত হয় :

১. মহান মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করে বাংলাদেশের পবিত্র সংবিধানকে সুরক্ষা করা
২. সঠিক সময়ে অফিসে আসা ও সঠিক সময়ে অফিস ত্যাগ করা এবং সহকর্মীদের সাথে কুশল বিনিময় করা
৩. সেবা প্রদান সহজ ও দ্রুত গতিতে করা
৪. অবসর সুবিধা সহজ, দ্রুত ও নিরুপদ্রব করা
৫. ঘুম দুর্নীতি থেকে দূরে থাকা এবং তা ঘৃণা করা ও প্রতিরোধ করা
৬. উদ্ভাবনী চিন্তা ও দক্ষতার সঙ্গে নিজেকে অফিসের কাজে সম্পৃক্ত রাখা।
৭. স্বজনপ্রীতি না করা
৮. অফিসের নিয়ম ও বিধি অনুযায়ী নিজ দায়িত্ব পালন করা
৯. উর্জ্বতন থেকে কাজ বুঝে নেওয়া এবং অধস্তনকে কাজ বুঝিয়ে দেওয়া
১০. সরকারি সম্পত্তির যথাযথ ব্যবহার করা। বিশেষ করে ফ্যান, লাইট ইত্যাদির পরিমিত ব্যবহার করা
১১. ড্রেস কোড মানা অর্থাৎ রুচি সম্মত ও আরামদায়ক পোশাক পরা (টি-সার্ট নয়)
১২. পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা এবং অফিস ও এর আঙ্গিনাকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা

শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে সকল গ্রেডের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য এটা প্রাথমিক ধাপ। এগুলো পালনে যারা বেশি অবদান রাখবে, তারাই পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

  
এ কে এম শামসুদ্দিন চৌধুরী


প্রধান তথ্য অফিসার  
ফোন : ৯৫৪৬০৯১

নং- ১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৪-৩১৫৬

তারিখ : ০৬.১১.২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)
- ০২। সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী।
- ০৪। সংশ্লিষ্ট নথি।

  
ফারহানা রহমান

সিনিয়র তথ্য অফিসার (সমন্বয়)

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)

ফোন : ৯৫১৪০৬৮